



স্মারক নং: ৪১.০১.৩৩৩২.০০০.১৮.০০১.২২.২৩৫

তারিখঃ

২০ শ্রাবণ ২০২২ বঙ্গাব্দ
০৪ আগস্ট ২০২২ খ্রিস্টাব্দ


বিজ্ঞপ্তি

বিষয়: প্রতিবন্ধী ভাতা প্রাপ্তির নিমিত্ত অনলাইন আবেদন আহবান প্রসঙ্গে।

কালিয়াকৈর উপজেলার স্থানীয় যেসব প্রতিবন্ধী ব্যক্তি প্রতিবন্ধী ভাতা ও প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি কর্মসূচির আওতা বহির্ভূত আছেন সেসকল প্রতিবন্ধী কার্ডধারী (সুবর্ণ নাগরিক পরিচয় পত্র) ব্যক্তিগণের নিকট হতে নিম্নোক্ত নির্দেশনাবলী সাপেক্ষে ২০২২-২০২৩ অর্থ বছর হতে ভাতা প্রাপ্তির জন্য অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে।

নির্দেশনাবলীঃ

- ১। আগামী ১০ আগস্ট ২০২২ হতে ১০ সেপ্টেম্বর ২০২২ পর্যন্ত [mis.bhata.gov.bd/online application](http://mis.bhata.gov.bd/online-application) লিংকে প্রবেশপূর্বক অনলাইনে আবেদন করতে হবে। যে কোন কম্পিউটার বা মোবাইল থেকে আবেদন করা যাবে। আবেদনকারীকে আবেদনের একটি প্রিন্ট কপি সংরক্ষণ করতে হবে।
- ২। ১০ সেপ্টেম্বর ২০২২ খ্রি: তারিখের মধ্যে আবেদন করতে হবে। এই তারিখের পর আবেদনের কোন সুযোগ নেই।
- ৩। ০১ (এক) জন আবেদনকারী ০১ (এক) টি মাত্র মোবাইল নম্বর ব্যবহার করতে পারবে।
- ৪। অনলাইনে প্রদানকৃত মোবাইল নাম্বারে অবশ্যই 'নগদ' হিসাব খোলা থাকতে হবে।
- ৫। আবেদনকারীর অবশ্যই প্রতিবন্ধী পরিচয় পত্র (সুবর্ণ নাগরিক পরিচয় পত্র) থাকতে হবে।
- ৬। যারা ইতোমধ্যে প্রতিবন্ধী ভাতা বা প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি পাচ্ছেন তাদের অনলাইনে আবেদন করার প্রয়োজন নেই।


০৪/০৮/২০২২
(মিজানুর/রহমান)

উপজেলা সমাজসেবা অফিসার

ও

সদস্য সচিব

উপজেলা প্রতিবন্ধী ভাতা বাস্তবায়ন কমিটি

কালিয়াকৈর, গাজীপুর

ফোন: + ৮৮০২৯২০২৯০০২

E-mail: usso.kaliakoir@dss.gov.bd

বিতরণ: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (ক্ষেপ্ততার ভিত্তিতে নয়)

- ১) জনাব আলহাজ্ব এ্যাডভোকেট আ.ক.ম. মোজাম্মেল হক, সংসদ সদস্য, গাজীপুর-১ ও মাননীয় মন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এবং প্রধান উপদেষ্টা, উপজেলা প্রতিবন্ধী ভাতা বাস্তবায়ন কমিটি, কালিয়াকৈর, গাজীপুর।
- ২) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়াকৈর, গাজীপুর।
- ৩) উপজেলা নির্বাহী অফিসার, কালিয়াকৈর, গাজীপুর।
- ৪) মেম্বর, কালিয়াকৈর পৌরসভা, গাজীপুর (মাইকিং করার মাধ্যমে প্রচারের অনুরোধ করা হলো)।
- ৫) ডাইস চেয়ারম্যান/ মহিলা ডাইস চেয়ারম্যান, কালিয়াকৈর, গাজীপুর।
- ৬) উপজেলা..... অফিসার, কালিয়াকৈর, গাজীপুর।
- ৭) চেয়ারম্যান,ইউপি, কালিয়াকৈর, গাজীপুর (মাইকিং করার মাধ্যমে প্রচারের অনুরোধ করা হলো)।
- ৮) কাউন্সিলর/ মেম্বর,, নং ওয়ার্ড,ইউপি/কারিয়াকৈর পৌরসভা।